গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
চিরিরবন্দর, দিনাজপুর।
**www.dss.chirirbandar.gov.bd**

স্মারক নং ৪১.০১.২৭৩০.০০০.১৮.০০১.২২-৯৭৪ তারিখ: ২২.০৭.২৬ খ্রি:

বিষয়: ফ্যামিলি কার্ড শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির " ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামি "১লা আগস্ট ২০২৬ -১৪ সেপ্টেম্বর ২০২৬" পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষে চিরিরবন্দর উপজেলার তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োগ করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্র: নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | ক)ন্যূনতম এইচএসসি বা সমমান পাস<br>খ) বয়স: ১৮-৪০<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০% বা তদূর্ধ্ব নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সর্ম্পকে ভাল জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে,লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারিরীকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজদারি মামলায় দোষী সাবাস্ত<br>খ) সরকারী/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| ক্র: নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
| ০২ | সুপারভাইজার (প্রতি ০৯ জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১জন) | ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>খ) বয়স: ২৫-৪৫<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায়-৮০% বা তদূর্ধ্ব<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগালিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | ক) প্রতিটি গণনা এরিয়া শারিরিকভাবে পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত | ক) ফৌজদারি মামলায় দোষী সাবাস্ত<br>খ) সরকারী/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |

আবেদন ফরম প্রাপ্তির স্থান: ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, চিরিরবন্দর, দিনাজপুর এবং ওয়েবসাইটে পাওয়া যাবে।

**আবেদন ফরম দাখিলের স্থানঃ** ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, চিরিরবন্দর, দিনাজপুর।

**আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচিঃ**

| ক্র: নং | আবেদন ফরম বিতরণ ও দাখিল | ব্যবহারিক পরীক্ষার সম্ভাব্য সময় |
|---|---|---|
| ০১ | ২২/০৭/২০২৬ খ্রি. হতে ২৪/০৭/২০২৬ খ্রি. সকাল ৯.০০ টা থেকে বিকাল ৩.০০ টা পর্যন্ত | ২৫/০৭/২০২৬ খ্রি, শনিবার সকাল ১০.০০ ঘটিকা |

CamScanner

শর্তাবলী:

০১.নির্ধারিত আবেদন ফরম নিম্ন স্যাক্ষরকারীর কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে অথবা ওয়েবসাইট (**www.dss.chirirbandar.gov.bd**) থেকে ও ডাউনলোড রা যাবে।

০২. ট্যাবলেট/স্যাটফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন। নিজ নিজ ইউনিয়নের যোগ্যতাসম্পন্নপ্রার্থীগনকে আবেদন করতে উৎসাহিত করা হচ্ছে।

০৩. ভূল বা অসম্পুর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যাক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।

০৪. আবেদনকারীকে আগামী ২২/০৭/২০২৬ খ্রি. হতে ২৪/০৭/২০২৬ খ্রি: বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয় পত্র / জন্ম নিবন্ধনের ফটোকপি এবং পাসপোর্ট সাইজের ৩ কপি রঙিন ছবিসহ নির্ধারিত আবেদন ফরম পূরণ করে উপজেলা সমাজসেবা কার্যালয়, চিরিরবন্দর, দিনাজপুর জমা দিতে হবে।

০৫. কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোনো শর্ত সংযোজন, সংশোধন, পরিবর্তন এবং পদ সংখ্যা হ্রাস বৃদ্ধির ক্ষমতা সংরক্ষন করেন।

০৬. নির্বাচন সংক্রান্ত গঠিত কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

২২.০৭.২৬

মোঃ হামিদুর রহমান
উপজেলা সমাজসেবা অফিসার
চিরিরবন্দর, দিনাজপুর।
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬ বাস্তবায়ন স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১. মাননীয় সংসদ সদস্য-৪ দিনাজপুর ০৯ ।
০২. পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যারয়, রংপুর বিভাগ, রংপুর।
০৩. জেলা প্রশাসক, দিনাজপুর
০৪. উপজেলা নির্বাহী অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর।
০৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, দিনাজপুর।
০৬.প্রশাসক, উপজেলা পরিষদ, চিরিরবন্দর, দিনাজপুর।
০৭. সহকারী কমিশনার (ভূমি) চিরিরবন্দর, দিনাজপুর।
০৮. অফিসার ইনচার্জ চিরিরবন্দর থানা, দিনাজপুর।
০৯. সদস্য ......................ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, চিরিরবন্দর, দিনাজপুর।
১০. সদস্য ...................................ফ্যামিলি কার্ড শুমারী বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি চিরিরবন্দর, দিনাজপুর।
১১.উপজেলা..........................কর্মকর্তা চিরিরবন্দর, দিনাজপুর।
১২. চেয়ারম্যান.......................ইউপি (সকল) চিরিরবন্দর, দিনাজপুর।
১৩. জনাব ..........................।
১৪. অফিস কপি।

২২.০৭.২৬

মোঃ হামিদুর রহমান
উপজেলা সমাজসেবা অফিসার
চিরিরবন্দর, দিনাজপুর।
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬ বাস্তবায়ন স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি

CamScanner